



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক



“মুজিববর্ষের প্রতিশ্রুতি  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অঙ্গপতি”

সত্যের স্লেম বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নেই।  
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী।  
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

তারিখ: ২২.০৯.২০২০

শানিবি সার্কুলার নং-০৪/২০২০

সকল জোনাল ব্যবস্থাপক  
ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা  
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী  
সকল শাখা ব্যবস্থাপক  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

**বিষয়: উচ্চ সুদবাহী ও একই সুদ হার (৬%) বিশিষ্ট বিভিন্ন স্কিম বন্ধ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ২৯.০৬.২০২০ তারিখের প্রকা/শানিবি-০৮(০৫)/২০২৯-২০২০/১৭৭০(৪০১)/৫৭ নম্বর পত্রের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রের মাধ্যমে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তের প্রেক্ষিতে শুধুমাত্র জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে মুজিব বর্ষে চালুকৃত রাকাব বঙ্গবন্ধু বিশেষ মাসিক সঞ্চয়ী স্কিম (RBSMSS) এবং স্কুল পড়ুয়া ছাত্রছাত্রীদের সঞ্চয়ে উদ্বুদ্ধ করতে প্রচলিত সঞ্চয়ী হিসাব-স্কুল ব্যাংকিং (School Banking Savings Account) চালু রেখে এ ব্যাংকে প্রচলিত উচ্চ সুদবাহী আমানত হিসাবসমূহ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নতুন করে না খোলার জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা দেয়া হয়।

০৩। উক্ত নির্দেশনার ধারাবাহিকতায় এ ব্যাংকের উচ্চ সুদবাহী ও একই সুদ হারে (৬%) প্রচলিত একাধিক স্কিম বন্ধকরণ বিষয়ে গত ১০.০৯.২০২০ তারিখে অনুষ্ঠিত রাকাব পরিচালনা পর্ষদের ৫১৯ তম সভায় একটি সার-সংক্ষেপ উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক তা নিম্নরূপভাবে অনুমোদিত হয়।

**ক) উচ্চ সুদবাহী আমানত:**

ক্র.নং	স্কিমসমূহের নাম	বন্ধ ঘোষণার তারিখ
০১।	রাকাব মিলয়নিয়ার ডিপোজিট স্কিম (RMDS)	০১.০৭.২০২০
০২।	রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)	
০৩।	রাকাব ডাবল মানি স্কিম (RDMS)	
০৪।	রাকাব লাখপতি স্কিম	
০৫।	রাকাব সঞ্চয় স্কিম (RSS)	
০৬।	রাকাব গৃহিণী সঞ্চয় স্কিম (RGSS)	
০৭।	রাকাব মাসিক সঞ্চয় স্কিম (RMSS)	

**খ) একই সুদ হার (৬%) বিশিষ্ট আমানত:**

ক্র.নং	স্কিমসমূহের নাম	বন্ধ ঘোষণার তারিখ
০১।	রাকাব ভ্রমণ সঞ্চয় স্কিম (RTSS)	সার্কুলার জারীর তারিখ
০২।	কৃষক সঞ্চয় স্কিম (KSS)	
০৩।	রাকাব শিক্ষক সঞ্চয় প্রকল্প	
০৪।	রাকাব সন্তান-সন্তুতি বিবাহ সঞ্চয় প্রকল্প	
০৫।	রাকাব শিক্ষা সঞ্চয় প্রকল্প (RESS)	
০৬।	স্কুদ্র সঞ্চয় প্রকল্প	
০৭।	রাকাব গ্রামীণ পেনশন সঞ্চয় প্রকল্প (RGPS)	

০৪। এক্ষেপে, পর্ষদ সভার অনুমোদনের প্রেক্ষিতে ৩(ক) নং ক্রমিকে বর্ণিত উচ্চ সুদবাহী এবং ৩(খ) নং ক্রমিকে বর্ণিত একই সুদ হার (৬%) বিশিষ্ট স্কিমসমূহের আওতায় ইতিপূর্বে খোলা হিসাবসমূহ প্রচলিত নীতিমালা অনুযায়ী চালু রেখে অত্র সার্কুলারে বর্ণিত তারিখ হতে সম্পূর্ণরূপে বন্ধ ঘোষণা করা হলো।

**অনুমোদনক্রমে-**

আপনার বিশ্বস্ত

২২.০৯.২০২০

(মোঃ মহব্বত আলী বিশ্বাস)

সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)

পত্রনং-প্রকা/শানিবি-৮(৫)/২০২০-২০২১/৫৭১(৪৫৯)

তারিখ: ২২.০৯.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলারটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
- ১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

২২.০৯.২০২০

(শাকিল মাহমুদ)

সহকারী মহাব্যবস্থাপক